Number of printed pages: 5 (five) **DCBL-2023-203**

**2023**

Diploma Course in Bengali Language (DCBL)

**Second Semester : 3rd paper**

Important Components of Bengali Learning: Reading, Writing & Creative Exercises

Full Marks: 75 Time: 3 hours

**২০২৩**

বাংলা ভাষা ডিপ্লোমা পাঠক্রম

**দ্বিতীয় ষাণ্মাসিক : ৩য় পত্র**

বাংলা পাঠের গুরুত্বপূর্ণ স্তর লিখন, পঠন এবং সৃজন

পূর্ণমান: ৭৫ সময়: ৩ ঘণ্টা

১। সঠিক উত্তরটি লিখুন (তিনটি) : - ১ x ৩ = ৩

ক) কবিগুরু প্রণীত প্রাথমিক শিক্ষার বইটির নাম কী? (বর্ণপরিচয়/সহজ পাঠ)

খ) 'শিশুশিক্ষা' কার রচনা? (যোগীন্দ্রনাথ সরকার/মদনমোহন তর্কালঙ্কার)

গ) কোন লিপি থেকে বাংলার সৃষ্টি হয়েছে? (ব্রাহ্মী/খরোষ্টি)

ঘ) বাংলা লিপির আত্মপ্রকাশ কোন শতকে? (দশম/দ্বাদশ/একাদশ)

২। দু'টি প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর লিখুন : - ২ x ২ = ৪

ক) স্বচ্ছ বানান বলতে কী বোঝায়? উদাহরণ দিয়ে লিখুন।

খ) প্রাইমার গ্রন্থ কী? যে কোনও পাঠ্যবইকে প্রাইমার বলা যাবে কি?

গ) ব্যঞ্জনবর্ণের মধ্যে দু'টি 'ব' কী কী? উদাহরণ দিয়ে লিখুন।

৩। নিম্নের ছড়াগুলির সঙ্গে কবিদের নাম মিলিয়ে লিখুন : - ১ x ৩ = ৩

| | | |
|---|---|---|
| ক) | 'পাখি সব করে রব রাতি পোহাইল' | রবীন্দ্রনাথ ঠাকুর |
| খ) | 'আতা গাছে তোতা পাখি/ডালিম গাছে মৌ' | মদনমোহন তর্কালঙ্কার |
| গ) | 'কুমোড়পাড়ার গরুর গাড়ি, বোঝাই করা কলমি হাঁড়ি' | যোগীন্দ্রনাথ সরকার |

অপর পৃষ্ঠায় দেখুন

৪। একটি প্রশ্নের উত্তর লিখুন : - ৪ x ১ = ৪

ক) কোষগ্রন্থ এবং অভিধানের মধ্যে পার্থক্য কী? উদাহরণ দিয়ে লিখুন।

খ) টীকা লিখুন (যে কোনও একটি) : - চরিত অভিধান, বঙ্গীয় শব্দকোষ।

৫। সংক্ষিপ্ত উত্তর দিন (যে কোনও পাঁচটি) : - ১ x ৫ = ৫

ক) এনসাইক্লোপিডিয়ার বাংলা প্রতিশব্দ কী?

খ) এ. টি. দেবের অভিধান কবে, কোথা থেকে প্রকাশিত হয়েছে?

গ) 'অভিধান' শব্দটির ব্যুৎপত্তিগত অর্থ কী?

ঘ) বানান অভিধানে কী পাওয়া যায়?

ঙ) 'চলন্তিকা' অভিধান গ্রন্থটি কার লেখা?

চ) বাংলা ভাষায় প্রথম অভিধান কে প্রণয়ন করেন?

ছ) বাংলা বর্ণমালার ক্রমটি মনে রাখার সূত্রটি কী?

৬। সংক্ষিপ্ত উত্তর দিন (যে কোনও তিনটি) : - ২ x ৩ = ৬

ক) বাংলায় প্রথম দ্বিভাষিক অভিধান রচনাকার কে? তাঁর অভিধান গ্রন্থের নাম কী?

খ) 'অক্সফোর্ড ইংলিশ ডিক্সনারি'-এর বৈশিষ্ট্য কী?

গ) শব্দটির উৎস সম্বন্ধে সংক্ষেপে লিখুন: এডমিরাল অথবা অ্যাসাসিনেশন।

ঘ) 'শেফালি' ***অথবা*** 'গোলাপফুল' সম্বন্ধে বঙ্গীয় শব্দকোষ থেকে কী কী জানা যায়?

ঙ) একজন পাঠক 'সুফি' শব্দটি সম্বন্ধে দর্শনের অভিধান থেকে কী কী জানতে পারবেন?

৭। একটি বাক্যে উত্তর দিন (যে কোনও পাঁচটি) : - ১ x ৫ = ৫

ক) পঠন-পদ্ধতির ওপর ইংরেজিতে লেখা 'অব স্টাডিস' কে রচনা করেছেন?

খ) বাঙালির পাঠাভ্যাস নির্ভর সৈয়দ মুজতবা আলীর লেখা নিবন্ধটির নাম কী?

গ) আনাতোলে ফ্রাঁন্সের মতে 'চোখ বাড়াবার পন্থা' কী?

ঘ) 'বেসিক বুক' বা আকর গ্রন্থ বলতে কী বোঝায়?

ঙ) সাধারণত মানুষ গড়ে প্রতি মিনিটে কতটি শব্দ পড়তে পারেন?

চ) খ্রিস্টিয় গ্রন্থ 'বাইবেল'-এর আক্ষরিক অর্থটি কী?

ছ) 'অফ স্টাডিস' গ্রন্থে অস্থিরচিত্ত ব্যক্তিদের কোন বিষয়ে মনোনিবেশ করতে বলা হয়েছে?


অপর পৃষ্ঠায় দেখুন

৮। সংক্ষিপ্ত উত্তর দিন (যে কোনও দু'টি) : - ৩ x ২ = ৬

ক) রিডিং পদ্ধতিতে সরব পাঠ এবং চোখে পড়া পাঠের মধ্যে পার্থক্য কী?

খ) বই-এর শেষে থাকা নির্ঘণ্ট (Glossary) পাঠকদের কী কী সুবিধা প্রদান করে?

গ) বার্ট্রান্ড রাসেল 'সংসারের জ্বালা যন্ত্রণা এড়াবার' উপায় সম্বন্ধে কী বলেছেন?

৯। দু'টি প্রশ্নের উত্তর দিন : - ৩ x ২ = ৬

ক) পঠন ক্ষমতা বাড়ানোর জন্য 'রিডিং' এবং 'স্কিমিং'-এর গুরুত্ব কতখানি?

খ) 'অফ স্টাডিস' গ্রন্থে পাঠের তিনটি উদ্দেশ্য সম্বন্ধে কী বলা হয়েছে?

গ) পড়াশোনার প্রয়োজন কেন? যুক্তিসহ আলোচনা করুন।

১০। একটি শব্দে উত্তরটি লিখুন : - ১ x ৫ = ৫

ক) জীবনীমূলক রচনা ____ (সৃজনশীল / মননশীল লেখা)।

খ) প্রত্যেক লেখকই একজন মনোযোগী ____ (দর্শক / পাঠক)।

গ) রেডিও-টিভি-সিনেমার স্ক্রিপ্ট রচনা ____ (জীবন-জীবিকার জন্য / অবসর বিনোদনের জন্য)।

ঘ) কোনও জনপ্রিয় সাপ্তাহিক পত্রিকায় লিখতে হবে ____ (অ্যাকাডেমিক ভাষায়/পপুলিস্ট ভাষায়)।

ঙ) 'নির্ঝরের স্বপ্নভঙ্গ' কবিতাটি লেখক ____ (রবীন্দ্রনাথ ঠাকুর/ কাজী নজরুল ইসলাম)।

১১। একটি প্রশ্নের উত্তর লিখুন : - ৪ x ১ = ৪

ক) সৃজনশীল ও মননশীল রচনার বৈশিষ্ট্য কী? উদাহরণ সহ লিখুন।

খ) লিখন প্রক্রিয়ায় 'টার্গেট রিডার' বলতে কী বোঝায়? এর স্পষ্ট ধারণা থাকলে লেখকদের কী সুবিধা হয়?

১২। দু'টি প্রশ্নের উত্তর লিখুন : - ৩ x ২ = ৬

ক) লিখন কর্মের ক্ষেত্রে লেখার তিনটি স্তর কী কী?

খ) লেখা মানেই কি কেবল গল্প, উপন্যাস, কবিতা? এর বাইরে লেখার আর কী কী বিষয় থাকতে পারে?

গ) লেখা শুরুর আগে কোন্ কোন্ প্রাথমিক কাজটি সেরে নেওয়া প্রয়োজন?

১৩। সংক্ষিপ্ত উত্তর দিন (যে কোনও পাঁচটি) : - ১ x ৫ = ৫

ক) 'কমিউনিকেশন' শব্দটির বাংলা প্রতিশব্দ কী?

খ) শ্রুতিমাধ্যম হিসেবে রেডিওর প্রধান উপাদান কী?

গ) জনসংযোগের ক্ষেত্রে একটি মুদ্রণ মাধ্যমের উদাহরণ লিখুন।

ঘ) কমিউনিকেশনে পোশাকি ভাষা ব্যবহারের একটি উদাহরণ দিন।

ঙ) পঞ্চাশ-ষাট দশকের রেডিও বিজ্ঞাপনের একটি উদাহরণ লিখুন।

চ) রেডিও কথিকার অনুষ্ঠানে কোন শব্দটি একেবারেই বেমানান?

১৪। দু'টি প্রশ্নের উত্তর দিন : - ৩ x ২ = ৬

ক) ক্লাসরুমে কমিউনিকেশনের ভাষা কী হওয়া উচিত ঘরোয়া না পোশাকি? আপনার মতামতটি লিখুন।

খ) রেডিওতে কোনও অনুষ্ঠানে স্থানিক চেতনাকে ফুটিয়ে তুলতে কীভাবে সাউন্ড এফেক্টের সৃষ্টি করা হয়? উদাহরণ সহ লিখুন।

গ) বৈদ্যুতিন মাধ্যম রেডিও ও টিভির মধ্যে কী কী পার্থক্য আছে?

১৫। দু'টি প্রশ্নের উত্তর লিখুন : - ২১/২ x ২ = ৫

ক) বিজ্ঞাপনকে কেন 'কমার্শিয়েল আর্ট'ও বলা হয়?

খ) 'বিজ্ঞাপন' বলতে কী বোঝায়? এর লক্ষ্য কী?

গ) রেডিও এবং টিভি বিজ্ঞাপনে গানের ভূমিকা কতটুকু? উদাহরণ সহ লিখুন।

১৬। **প্রুফ রিডিং :** (কমা, উদ্ধৃতি চিহ্ন দেওয়া, বানান শুদ্ধ করা ইত্যাদি)।
নীচের (৫ নং পৃষ্ঠায় দেখুন) অনুচ্ছেদটির প্রয়োজনীয় সম্পাদনা করুন: - ৪

**২০২৩**

বাংলা ভাষা ডিপ্লোমা পাঠক্রম

**দ্বিতীয় ষাণ্মাসিক : ৩য় পত্র**

বাংলা পাঠের গুরুত্বপূর্ণ স্তর লিখন, পঠন এবং সৃজন

**রোল নং :** | | | | |

## প্রুফ রিডিং

এই অংশটিতে লাল/কালো/নীল কালিতে সংশোধন করে উত্তরপত্রের সঙ্গে জুড়ে দেবেন।

কম্পিউটার আধুনিক বিজ্ঞানের এক বিষ্ময়কর উপহার তার আর এক নাম যন্ত্রগনক। বৃটিস বিজ্ঞানি চার্লস ব্যাবেজ এই যন্ত্র আবিস্কার করেন পৃথিবীর সব দেসের মানুষের কাছে অত্যন্ত জনপ্রীয় তার এখন নানা কাজ। রোগির রোগ নির্ণয় করা হয় প্লেন বা ট্রেণের আসন সংরক্ষণ করা হয় ইলেকট্রিকের বিলের হিশেবও রাখে, ইতিহাস ভুগোল বিজ্ঞানের পাট শেখায়, চিঠি লেখা শুরু করে জটিল অংক কষা ছবি আকা বই ছাপা পৃথিবীর নানা দেশের কাজকর্মের খবর দেওয়া সবই এর মাধ্যমে সম্ভব হয়েছে। বিভিন্ন অফিশ-আদালত কলকারখানার কাজের জায়গা গুলি সে দখল করে নিয়েছে, নিমেসে একসো জনের কাজ করে দিচ্ছে।

- শেষ পৃষ্ঠা –